

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৩.২০১৮-

তারিখঃ ০৬ অক্টোবর, ১৪২৬  
১৮/০৯.২০১৯


প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০), সহকারী সার্জন (ডেন্টাল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুর এর নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত) এর ১১ (গ)/৩০ এ ১৬.০২.২০১৮ তারিখে ঢাকা সবুজবাগ থানায় ফৌজদারী মামলা নং-২৮ দায়ের এর প্রেক্ষিতে সবুজবাগ থানা পুলিশ ১৬.০২.২০১৮ তারিখে রাতে গ্রেফতার করা হয় এবং ১৭.০২.২০১৮ তারিখে শুনানীর পর বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০)কে জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ প্রদান করায় বাংলাদেশ সার্ভিস বুলস(পোর্ট-১) এর বিধি-৭৩ এর নোট-২ অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ১৬.০৫.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৩.২০১৮-১৬৫ নং আদেশমূলে তাকে ১৬.০২.২০১৮ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালত, ঢাকা গত ০৬.০১.২০১৯ তারিখের আদেশে উক্ত মামলায় তাঁর বিরুদ্ধে আনীত ফৌজদারী অভিযোগের দায় হতে তাকে খালাস প্রদান করেছেন;

এমতাবস্থায়, ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০), সহকারী সার্জন (ডেন্টাল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুর এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ১৬.০৫.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৩.২০১৮-২৬৫ নম্বর স্মারকে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৩.২০১৮-০২২/১(২১)

তারিখঃ ১৮/০৯.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।]
- ৫। উপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, মাদারীপুর।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০), সহকারী সার্জন (ডেন্টাল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুর।
- ১১। অফিস কপি।

  
মোঃ আবদুল্লাহ সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৯- ৫৬০

তারিখঃ ০৬ অক্টোবর ২০১৯  
৮/১০/২০১৯

আদেশ

যেহেতু, জনাব দুলাল চন্দ্র সরকার, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর তত্ত্বাবধানে ময়মনসিংহ জেলার ধোবাউড়া, হালুয়াঘাট, ফুলপুর ও মুক্তাগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংস্কার ও মেরামত কাজে অত্যন্ত নিয়মান্বিত কাজ সম্পাদন করে সরকারের আর্থিক ক্ষতি সাধন করেছেন ও তার উপর অর্পিত দায়িত্ব ঠিকমত পালন না করে দায়িত্ব অবহেলা করেছেন মর্মে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ মোশতাক হোসেন, এনডিসি এর পরিদর্শন প্রতিবেদনের সুপারিশে তা প্রতিফলিত হয়েছে বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ২৪.০৩.২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৯-২১৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ১২.০৯.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, জনাব দুলাল চন্দ্র সরকার, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর অভিযোগের বিষয়টি তার ইচ্ছাকৃত না হলেও এ বিষয়ে আরও আন্তরিকতা ও দায়িত্বশীলতার সাথে তদারকি করা প্রয়োজন ছিল। সকল বিষয়াদি বিবেচনায় তার গাফিলতি বিষয়টি পরিলক্ষিত হওয়ায় উক্ত বিধিমালা ৪(২)(ক) বিধি অনুযায়ী তিরস্কার লঘু দণ্ড প্রদান করা হলো এবং ভবিষ্যতে আরও দায়িত্বশীল ও সতর্ক থেকে দায়িত্ব পালনের শর্তে তাকে অত্র অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৯- ৫৬০/৪(৭)

তারিখঃ ৮/১০/২০১৯

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), প্রধান প্রকৌশলীর কার্যালয়, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ২। উপসচিব (নির্মাণ/ মেরামত ও রক্ষণাবেক্ষণ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। জনাব দুলাল চন্দ্র সরকার, নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৭। অফিস কপি।

  
মোঃ আবদুহু সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা

নং-স্বাপকম/শুংখলা-১/১-৮১/২০০৬(অংশ)-৫৩৩

তারিখঃ ২৭ ডিসেম্বর ২০১১  
০২.১০.২০১১

আদেশ

যেহেতু, ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, চর্ম ও যৌন রোগ বহিঃবিভাগ, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, জয়পুরহাট) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ১৮.০৯.২০০৬ তারিখের স্বাপকম/শুংখলা-১/১-৮১/২০০৬(অংশ)/৬৫৪ স্মারকে তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, চর্ম ও যৌন রোগ বহিঃবিভাগ, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, জয়পুরহাট)কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭.০৭.২০০৮ তারিখের স্বাপকম/শুংখলা-১/১-৮১/২০০৬(অংশ)/১০০২ নং আদেশে সরকারি চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হয়;

যেহেতু, ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯) তাঁর বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, বরিশালের আদালতে এটি-০১/২০০৯ নং মামলা দায়ের করেন এবং উক্ত মামলাটি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বরিশাল তার আবেদন খারিজ করেন। পরবর্তীতে তিনি পুনরায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, আদালত, ঢাকায় এটি মামলা নং-৭৫/২০১০ দায়ের করেন। উক্ত মামলার প্রেক্ষিতে মাননীয় প্রশাসনিক "বরিশালের প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক ১/২০০৯ নং এটি মামলায় ০১.০২.২০১০ তারিখের প্রদত্ত রায় ও আদেশ রদ রহিত হল। উক্ত এটি মামলাটি মঞ্জুর হল। প্রার্থীকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করার ২৭.০৭.২০০৮ তারিখের আদেশ বেআইনী, পন্থ, ক্ষমতা বহির্ভূত ও অকার্যকর বলে ঘোষিত হল। প্রতিপক্ষের প্রার্থীকে চাকরিতে পুনর্বহাল করার নির্দেশ প্রদান করা হল" মর্মে রায় প্রদান করেন ;


যেহেতু, উক্ত মতামতের প্রেক্ষিতে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের মামলা নং-৭৫/২০১০ মামলার রায় ২৫/০৯/২০১০ তারিখে ঘোষিত হওয়ায় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে টাইম বার্ড মওকুফ করনের আবেদনসহ লীড টু আপিল দায়েরের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে ২৩/০৩/২০১৪ তারিখের ৯৫ নম্বর স্মারকে পত্র দেয়া হয়;

যেহেতু, মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং-৩০৪৩ দায়ের করা হয়। উক্ত লীড টু আপীল ১১.০৩.২০১৯ তারিখ মহামান্য হাইকোর্টের আপিল বিভাগ খারিজ কর হয়। প্রশাসনিক ট্রাইব্যুনাল আদালত, ঢাকায় এটি মামলা নং-৭৫/২০১০ এর রায়ের বিজ্ঞ বিচারক ০১.০২.২০১০ তারিখের রায় মন্ত্রণালয়ের ২৭.০৭.২০০৮ তারিখের আদেশ বাতিল করতঃ ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, চর্ম ও যৌন রোগ বহিঃবিভাগ, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, জয়পুরহাট)কে চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদানের তারিখ থেকে চাকরিতে পূর্ণবহাল করার আদেশ প্রদান করেন;

সেহেতু, এক্ষণে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকার ০১.০২.২০১০ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, চর্ম ও যৌন রোগ বহিঃবিভাগ, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, জয়পুরহাট)কে তাঁর চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদানের তারিখ হতে চাকরিতে পূর্ণবহাল প্রদান করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

নং-স্বাপকস/শৃংখলা-১/১-৮১/২০০৬(অংশ)- ৫৬২/১(১০)

তারিখঃ ০২.১০.২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১০। ডাঃ এস.ডব্লিউ. ফয়সাল আহমেদ (১০৫৬৫৯), প্রাক্তন মেডিকেল অফিসার, চর্ম ও যৌন রোগ বহিঃবিভাগ, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল (প্রাক্তন মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, জয়পুরহাট)

  
মোঃ আবদুছ সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hcd.gov.bd